



প্রকাশনার ৪৪ বছর

দৈনিক

জনগণের আপনজন

করতোয়া

ঢাকা সংস্করণ

The Daily Karatoa

১২ পৃষ্ঠা মূল্য ৫ টাকা



www.ekaratoa.com • রেজিঃ রাজ ১৩ • ৪৪তম বর্ষ • সংখ্যা ৩৩৭ • বগুড়া সোমবার ১২ শ্রাবণ ১৪২৭ • ৫ জিলাহজ ১৪৪১ হিজরি • ২৭ জুলাই ২০২০ • www.karatoa.com.bd

রাজীবপুরে বন্যা দুর্গতদের মাঝে খাদ্য সহায়তা বিতরণ

রাজীবপুর (কুড়িথাম) প্রতিনিধি:
কুড়িথামের রাজীবপুর উপজেলায়
ব্রহ্মপুত্র নদবিচ্ছিন্ন বন্যা দুর্গতদের
মাঝে খাদ্য সহায়তা দিলো 'ওয়াইড
অ্যাপেল ফাউন্ডেশন' নামের একটি
স্বেচ্ছাসেবী সংগঠন। গতকাল
রোববার ৩শ' পরিবারের হাতে খাদ্য
সহায়তা তুলে দেয়া হয়। উপজেলার
শংকরমাদবপুর, কোদালকাটি,
শিকারপুর ও কীর্তনতারি চরাঞ্চলের
মানুষের মাঝে খাদ্য সহায়তার মধ্যে
ছিল চাল, আলু, মসুর ডাল, লবণ,
সয়াবিন তেল, চিনি, সাবান ও খাবার
স্যালাইন।